

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়



বিজ্ঞপ্তি (সংশোধিত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৭২০

তারিখ: ১৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
২৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শ্রেণি-মূল্যায়ন ও ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত বার্ষিক এবং ১০ম শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষার প্রস্তুতি গ্রহণের জন্য শ্রেণিকার্যক্রম বন্ধ থাকা এবং ১ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত ফাতেহা-ই-ইয়াজদাহম উপলক্ষ্যে ছুটি প্রসঙ্গে।

১ম শ্রেণি থেকে ১২শ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে,

- ১। আগামী ২৪/১১/২০২১ বুধবার থেকে বিদ্যালয়ে ৫ম শ্রেণির শ্রেণি-মূল্যায়ন এবং ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত বার্ষিক এবং ১০ম শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা শুরু হবে।
 - ২। ১ম শ্রেণি হতে ৪র্থ শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষার পরিবর্তে শ্রেণি-মূল্যায়ন অনুষ্ঠিত হবে। উক্ত শ্রেণি-মূল্যায়নের প্রশ্নপত্র ও খাতা যথাসময়ে সংশ্লিষ্ট শ্রেণির সম্মানিত অভিভাবকদের নিকট বিদ্যালয় প্রাঙ্গণে প্রদান করা হবে। প্রশ্নপত্রে প্রদত্ত নির্দেশনা ও সময় অনুসরণ করে সম্মানিত অভিভাবকগণ নিজ দায়িত্বে শিক্ষার্থীদের শ্রেণি-মূল্যায়ন সম্পন্ন করে উত্তরপত্র সংরক্ষণ করবেন। বিদ্যালয় থেকে প্রশ্নপত্র ও খাতা গ্রহণ এবং শ্রেণি-মূল্যায়নের লিখিত উত্তরপত্র বিদ্যালয়ে জমাদানের সময়সূচী পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
 - ৩। ১৭/১১/২০২১ তারিখ বুধবার ফাতেহা-ই-ইয়াজদাহম উপলক্ষ্যে বিদ্যালয়ের (১ম - ১২শ শ্রেণি) শ্রেণিকার্যক্রম (অনলাইনসহ) ও অফিস কার্যক্রম বন্ধ থাকবে।
 - ৪। শ্রেণি-মূল্যায়ন ও পরীক্ষার প্রস্তুতি গ্রহণের জন্য ১৮/১১/২০২১ বৃহস্পতিবার থেকে বিদ্যালয়ের (১ম থেকে ১০ম শ্রেণি) শ্রেণিকার্যক্রম (অনলাইনসহ) বন্ধ থাকবে।
 - ৫। ১৮/১১/২০২১ তারিখ বৃহস্পতিবার থেকে দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম (শীতকালীন সময়সূচী অনুসারে) ও অফিস কার্যক্রম যথারীতি চলবে।
- সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শ্রেণি-মূল্যায়ন ও পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে বলা হলো।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৭২০

তারিখ: ১৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
২৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:-

- ১। সম্মানিত শ্রেণিশিক্ষকবৃন্দ
- ২। অফিস কপি (প্রশাসন)
- ৩। সমন্বয়কারীবৃন্দ
- ৪। নোটিস বোর্ড
- ৫। ওয়েবসাইট (udayan.edu.bd)